



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।



নং- কুসক-২০২২/২৬৬

তারিখঃ ২৯/০৯/২০২২খ্রি.

**২০২১ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের
সংশোধিত বিজ্ঞপ্তি**

১। (ক) পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন/প্রাইভেট/সার্টিফিকেট কোর্সঃ

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলীঃ

(ক) ডিগ্রি পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা(৭০০নম্বর) নিয়মিতঃ

i) ২০২০-২১ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) ডিগ্রি পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা অনিয়মিতঃ

i) ২০১৫-২০১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৫-২০১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iii) ২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯, ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯, ও ২০২০ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted-C) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

iv) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে “ স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস” আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

v) ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যনীয়।

গ) ডিগ্রি পাস কোর্স ১ম বর্ষ মানোন্নয়ন পরীক্ষাঃ

২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২০ সালের ১ম বর্ষের পরীক্ষায় প্রথম বারের মত অংশগ্রহণ যে সমস্ত কোর্সে C ও D গ্রেড পেয়েছে তারা C ও D গ্রেড পাওয়া সর্বোচ্চ দুটি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বে F গ্রেড প্রাপ্ত পত্রের C বা D গ্রেডে উন্নীত হলে ঐ পত্রের মানোন্নয়ন পরীক্ষার কোন সুযোগ নাই।

ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা(২০০নম্বর)ঃ

i) ২০২১ সালের সার্টিফিকেট কোর্স- এ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের সার্টিফিকেট কোর্সের শিক্ষার্থী যারা ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

অপর পাতা

অনলাইনে আবেদন ফরম নিজেস্বরে রেজিস্ট্রেশন অনুযায়ী পূরণ করে ফরমের নির্ধারিত স্থানে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি আঠা দ্বারা লাগিয়ে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপিসহ ফরম পূরণ করে শিক্ষার্থীর নির্ধারিত স্থানে স্বাক্ষর করে কমিটির নিকট জমা দিতে বলা হলো।

বি.দ্র:- <https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে অথবা Sonali eSheba মোবাইল অ্যাপ এর "National University Fees" মেন্যু থেকে "FORM FILL-UP" অপশনে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে।

ফরম জমাদানের স্থান : কলেজ কেন্দ্রীয় গ্রন্থাগার।

বিভাগ	তারিখ	সময়
বি.এ + বি.এস.এস	১১/১০/২০২২	সকাল ১০টা হতে দুপুর ২টা
বি.বি.এস + বি.এস.সি	১২/১০/২০২২	"
সকল প্রাইভেট	১৩/১০/২০২২	"

ফিসের বিবরণঃ

ক্রমং	ফিসের বিবরণ	নিয়মিত/অনিয়মিত	প্রাইভেট	সার্টিফিকেট কোর্স
১	পরীক্ষার ফি (যেইন বাংলাদেশের অভ্যন্তরীণ ইতিহাস+প্রতিটি নৈর্বাচনিক বিষয়ের ১ম ও ২য় পত্র)	৮০০.০০	৮০০.০০	৩০০.০০
২	অন্তর্ভুক্তি	১০০.০০	১০০.০০	১০০.০০
৩	কেন্দ্র ফি	৪৫০.০০	৪৫০.০০	৪৫০.০০
৪	ব্যবস্থাপনা ফি	৫০.০০	৫০.০০	৫০.০০
৫	ইনকোর্স ফি (বিঃস্বঃ)	১০০.০০	১০০.০০	১০০.০০
৬	ইনকোর্স ফি (কলেজ)	-	২০০.০০	২০০.০০
৭	প্রেরণ ও যোগাযোগ ফি	৫০.০০	৫০.০০	৫০.০০
৮	অত্যাবশ্যকীয় কর্মচারী	৭০০.০০	৭০০.০০	৭০০.০০
৯	বিবিধ ফি	১০০.০০	১০০.০০	১০০.০০
	সর্বমোট=	২৩৫০.০০	২৫৫০.০০	২০৫০.০০

অকৃতকার্য/মানোন্নয়ন পরীক্ষার্থীদের এক বা একাধিক পত্রের ফিস বিবরণঃ

ক্রমং	ফিসের বিবরণ	তথ্যমাত্র C,D এবং F গ্রেড প্রাপ্তদের ক্ষেত্রে এক বা একাধিক পত্রের জন্য প্রযোজ্য।
১	পরীক্ষার ফি	৩০০.০০
২	অন্তর্ভুক্তি	১০০.০০
৩	কেন্দ্র ফি	৪৫০.০০
৪	ব্যবস্থাপনা ফি	৫০.০০
৫	অত্যাবশ্যকীয় কর্মচারী	৭০০.০০
৬	প্রেরণ ও যোগাযোগ ফি	৫০.০০
৭	বিবিধ ফি	১০০.০০
	সর্বমোট=	১৭৫০.০০

এক পত্রের জন্য ১৭৫০/= এবং অতিরিক্ত প্রতি পত্রের জন্য ১০০/= টাকা হারে বৃদ্ধি পাবে।

প্রতিষ্ঠানের
স্বাক্ষর
২০/১০/২২

কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

কুষ্টিয়া সরকারি কলেজ
Degree Course (4 Year) 2021

আহ্বায়ক

স্বাক্ষর
২০/১০/২২
(ড. মোহঃ সোকনুজ্জামান)

ভিত্তি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ
ইনকোর্স ও নির্বাচনী পরীক্ষা কমিটি।
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।